গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
আইসিটি শাখা
প্রোগ্রামার
সহকারি মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার
সহকারি প্রোগ্রামার
অন্যান্যঃ
ডাইরী নং- ৪১৫ তারিখ-
স্বাক্ষরঃ

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
উন্নয়ন অধিশাখা-১৪
www.mohpw.gov.bd

**স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০৪৯.৩৩.০০১.২২-** 02/05/24

**তারিখ:** **১৬ বৈশাখ ১৪৩১**
**২৯ এপ্রিল ২০২৪**

বিষয়: **শেরেবাংলা নগর প্রশাসনিক এলাকায় এফ-১৪/এফ প্লটের ০.১৮২ একর জমি মূল্য পরিশোধ ব্যতিরেকে/বিনামূল্যে দুর্নীতি দমন কমিশনের অনুকূলে বরাদ্দ প্রদান।**

সূত্র: ১। এ মন্ত্রণালয়ের ২৮-০২-২০২৪ তারিখের ৬০ নম্বর স্মারকযুক্ত মাননীয় প্রধানমন্ত্রীর সারসংক্ষেপ।
২। দুর্নীতি দমন কমিশনের ১৯/১০/২০২৩ তারিখের ৩৯১৯৯ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে দুর্নীতি দমন কমিশন (দুদক) এর অনুকূলে শেরেবাংলা নগর প্রশাসনিক এলাকায় এফ-১৪/এফ প্লটের ০.১৮২ একর জমি জিএফআর রুল ২৮০(১) অনুযায়ী মূল্য পরিশোধ ব্যতিরেকে/বিনামূল্যে বরাদ্দ প্রদানের প্রস্তাব মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সদয় অনুমোদিত হয়েছে। উক্ত অনুমোদনে দুর্নীতি দমন কমিশন সম্পর্কে মাননীয় প্রধানমন্ত্রী নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেছেন:

"নতুন বহুতল ভবন নির্মাণ শেষে দুর্নীতি দমন কমিশন অফিস ও ট্রেনিং একই বিল্ডিং এ স্থানান্তর করতে হবে"।

২। বর্ণিতাবস্থায়, দুর্নীতি দমন কমিশন এর অনুকূলে শেরেবাংলা নগর প্রশাসনিক এলাকার এফ-১৪/এফ প্লটের ০.১৮২ একর জমি নিম্নবর্ণিত শর্তে মূল্য পরিশোধ ব্যতিরেকে/বিনামূল্যে নির্দেশক্রমে বরাদ্দ প্রদান করা হলো:

শর্তাবলী:

(ক) জমির বরাদ্দপত্র/দখলভার প্রাপ্তির ৩ (তিন) মাসের মধ্যে মূল লিজ দলিল সম্পাদনের নিমিত্ত লিজ দলিলের খসড়া এ মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। সম্পাদিত লিজ দলিলের কপি মন্ত্রণালয়ে জমা দিতে হবে;
(খ) সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর সাথে যোগাযোগপূর্বক বরাদ্দকৃত জমির দখলভার বুঝে নিতে হবে;
(গ) বরাদ্দকৃত জমির উন্নয়ন সংক্রান্ত ব্যয় বরাদ্দপ্রাপক প্রতিষ্ঠানকে বহন করতে হবে। জমি যে অবস্থায় আছে সে অবস্থায় দখল গ্রহণ করতে হবে;
(ঘ) নতুন বহুতল ভবন নির্মাণ শেষে দুর্নীতি দমন কমিশন অফিস ও ট্রেনিং একই বিল্ডিং এ স্থানান্তর করতে হবে;
(ঙ) এ বরাদ্দপত্র কোনক্রমেই বরাদ্দকৃত জমিতে বরাদ্দ প্রাপকের কোন স্থায়ী স্বত্ব/মালিকানা প্রদান করে না এবং এটি হস্তান্তরযোগ্য নয়।
(চ) বরাদ্দকৃত জমির কোন অংশ অবৈধভাবে ভাড়া অথবা হস্তান্তর করার অভিযোগ পাওয়া গেলে এবং তা প্রমাণ হলে বরাদ্দ বাতিল করা হবে;
(ছ) বরাদ্দকৃত জমির ভূমি উন্নয়ন কর, গ্রাউন্ড রেন্ট ও অন্যান্য সরকারি পাওনাদি নির্ধারিত হারে বরাদ্দ গ্রহীতা প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট অফিস/তহশিল/ভূমি অফিসে জমা প্রদান করতে হবে;
(জ) বরাদ্দপত্রের কোন শর্ত ভঙ্গ করলে অথবা যে উদ্দেশ্যে জমি বরাদ্দ দেয়া হয়েছে সে উদ্দেশ্য ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে জমি ব্যবহার করা হলে বরাদ্দ বাতিল করা হবে ;
(ঝ) বরাদ্দকৃত জমিতে যে কোন ধরনের নির্মাণ কাজের জন্য স্থাপত্য অধিদপ্তরের মাধ্যমে নকশা প্রণয়ন করতে হবে;
(ঞ) অনুমোদিত নকশা অনুযায়ী গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে নির্মাণ কাজ সম্পাদন করতে হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বরাদ্দপত্র জারি করা হলো।

(মোঃ জহিরুল ইসলাম খান)
যুগ্মসচিব
ফোন: ০২৫৫১০০৩৭৫
section14mohpw@gmail.com

সচিব
দুর্নীতি দমন কমিশন
সেগুনবাগিচা, ঢাকা।

**স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০৪৯.৩৩.০০১.২২-** ১৮৮/১(১০)

**তারিখ:** **১৬ বৈশাখ ১৪৩১**
**২৯ এপ্রিল ২০২৪**

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৩। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। নির্বাহী প্রকৌশলী, শেরে বাংলা নগর গণপূর্ত বিভাগ-২, ঢাকা।
৮। সাব-রেজিস্ট্রার, শেরে বাংলা নগর সার্কেল, তেজগাঁও সাব-রেজিস্ট্রার অফিস, রেজিস্ট্রেশন কমপ্লেক্স, তেজগাঁও, ঢাকা।
৯। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১০। অফিস কপি/মাস্টার কপি।

২৯/০৪/২০২৪
(মোঃ জহিরুল ইসলাম খান)
যুগ্মসচিব